

সিলেট ক্যাডেট কলেজে ঈর্ষণীয় ফলাফল: সবাই পেল জিপিএ-৫.০০

এস এ শফি, সিলেট

প্রকাশিত: ০২:৩৫, ১৭ অক্টোবর ২০২৫



ছবি: জনকণ্ঠ

এইচএসসি ও সমমানের পরীক্ষায় এবার ফল বিপর্যয় ঘটেছে। এ বছর সিলেট বোর্ডে পাসের হার ৫১ দশমিক ৮৬ শতাংশ। তবে এই ফল বিপর্যয়েও শতভাগ পাস করেছে সিলেট ক্যাডেট কলেজের পরীক্ষার্থীরা।

সিলেট ক্যাডেট থেকে এবার ৪৯ জন পরীক্ষার্থী এইচএসসিতে অংশ নিয়ে সবাই জিপিএ-৫.০০ পেয়ে উত্তীর্ণ হয়েছে। এর মধ্যে ৪৮ জন বিজ্ঞান বিভাগ এবং ১ জন মানবিক বিভাগ থেকে পাস করেছে।

ঈর্ষণীয় ফলাফল অর্জনের বিষয়ে সিলেট ক্যাডেট কলেজের অধ্যক্ষ ড. এ. এস. এম. মুরতাহান বিল্লাহ বলেন, ক্যাডেট কলেজের

ক্যাডেটদের ধারাবাহিক সাফল্যের পেছনে রয়েছে ক্যাডেট কলেজের অভ্যন্তরীণ সু-শৃঙ্খল পরিবেশ, ক্যাডেটদের কঠোর অধ্যবসায়, নিয়মিত পড়াশোনা এবং আন্তরিক প্রচেষ্টা। ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের সুষ্ঠু দিকনির্দেশনা, ক্যাডেট কলেজসমূহের অভিজ্ঞ ও যোগ্যতাসম্পন্ন অধ্যক্ষ, উপাধ্যক্ষ, অনুষদ সদস্যবৃন্দ, কর্মকর্তাবৃন্দ, কলেজে কর্মরত সকল শ্রেণির ব্যক্তিবর্গের ঐকান্তিক প্রচেষ্টা এবং সম্মানিত অভিভাবকবৃন্দের সহযোগিতায় এই সাফল্যজনক ফলাফল অর্জন সম্ভব হয়েছে।

জানা গেছে, বাংলাদেশের ক্যাডেট কলেজসমূহ প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনে বাংলাদেশ সেনাবাহিনীর অ্যাডজুট্যান্ট জেনারেল ও সভাপতি, ক্যাডেট কলেজ পরিচালনা পরিষদের প্রত্যক্ষ তত্ত্বাবধানে পরিচালিত আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান। শুধুমাত্র ভালো ফলাফল অর্জনই নয়, বরং চৌকস ও সুনামের হিসেবে ক্যাডেটদের গড়ে তোলাই ক্যাডেট কলেজগুলোর লক্ষ্য। এজন্য ক্যাডেটদের দৈনন্দিন কার্যক্রমে লেখাপড়ার পাশাপাশি চরিত্র গঠন ও সহশিক্ষা কার্যক্রমকে সমান গুরুত্ব দেওয়া হয়। কলেজ থেকে শিক্ষা লাভের পর ক্যাডেটরা যেন বর্তমান যুগের সঙ্গে তাল মিলিয়ে সম্মানজনক অবস্থানে পৌঁছাতে পারে, সেই লক্ষ্যে কলেজসমূহে প্রতিনিয়ত নতুন নতুন শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রম সংযুক্ত হচ্ছে।

